

নতুন পরিষেবা

▶▶ **বিষ্ণুপুর:** আপৎকালীন

পরিস্থিতিতে সুন্দরবনের একটি
স্বেচ্ছাসেবী সংস্থা দু'টি অক্সিজেন
কনসেন্টেটর পাঠাল বিষ্ণুপুরের
একটি স্বেচ্ছাসেবী সংস্থাকে।
মঙ্গলবার সেই পরিষেবার সূচনা
করেন এসডিপিও (বিষ্ণুপুর)
কুতুবউদ্দিন খান। বিষ্ণুপুরের
স্বেচ্ছাসেবী সংস্থার তরফে
কৌস্তব বন্দ্যোপাধ্যায় বলেন,
“করোনা আক্রান্ত রোগীকে আমরা
বিনামূল্যে অক্সিজেন সিলিন্ডার
দিচ্ছি। রিফিলিং করতে অসুবিধা
হচ্ছিল। বন্ধু স্বেচ্ছাসেবী সংস্থার
কাছ থেকে মাস্ক, মেডিসিন,
স্যানিটাইজার-সহ দু'টি অক্সিজেন
কনসেন্টেটর পেয়েছি। এতে
রিফিলিংয়ের ঝামেলা নেই। সেই
সঙ্গে অক্সিমিটারের পরিষেবাও
দেওয়া হচ্ছে।”